দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 APR 1989
পৃষ্ঠা ৪ কলাম ৭

20

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে আলেম ভিসি নিয়োগ করার দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ ইসলামী বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, মাদ্রাসা শিক্ষা ও শিক্ষকদের সার্বিক উন্নতি এবং জাতীয় অগ্রগতির লক্ষ্যে গত শুক্রবার তাদের জাতীয় কাউন্সিল অধিবেশনে ১৭টি গুরুত্বপূর্ণ প্রস্তাব পেশ করেছে।

এ প্রস্তাবগুলোর মধ্যে বিশেষ উল্লেখযোগ্য প্রস্তাব ছিলো— অতিসত্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইসলামী শিক্ষায় শিক্ষিত একজন আলেম ভিসি নিয়োগ করতে হবে। এ উপলক্ষ্যে ছাত্র পরিষদ প্রতি জেলায় বিক্ষোভ মিছিল ও জেলা প্রশাসকগণের নিকট স্মারকলিপি পেশের সিদ্ধান্ত নিয়েছে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে তারা ছাত্র ভর্তির সকল আসন মাদ্রাসা ছাত্রদের জন্য সংরক্ষণের দাবী জানান।

ফাজিল ও কামিলকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করতে হবে। মাদ্রাসা শিক্ষার উন্নয়নে চার বিভাগে ৪টি মাদ্রাসা বোর্ড গঠন করতে হবে এবং এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের সরকারী প্রাথমিক শিক্ষকদের ন্যায় বেতন ভাতা প্রদান করতে হবে।